



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-১৪০

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৯
০৩ আগস্ট, ২০২২

বিষয়ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা -এর অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের আওতাধীন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা -এর ২০২০-২০২১ অর্থ বছর পর্যন্ত ২৯ (উনত্রিশ)টি অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে **আগামী ২৯.০৮.২০২২ খ্রি. তারিখ সোমবার সকাল ১০:৩০ মি.** অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর সভাপতিত্বে এ বিভাগের পরিবহন পুল ভবনস্থ সভা কক্ষে (১০ম তলা; লিফটের-৯) এক ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২. উক্ত সভায় উল্লিখিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভুক্ত মোট ২৯ (উনত্রিশ)টি অগ্রীম নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাবসমূহ (প্রমাণকসহ) আলোচনা করা হবে এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে **সভার কার্যপত্র** এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০৩. এমতাবস্থায়, উপরিক্ত অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তিগুলি নিষ্পত্তির লক্ষ্যে অনুষ্ঠেয় ত্রি-পক্ষীয় সভায় **নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে** (২৯.০৮.২০২২ খ্রি. তারিখ সোমবার বেলা ১০:৩০ মি., পরিবহন পুল ভবনস্থ সভাকক্ষে) উপযুক্ত প্রতিনিধি (সিদ্ধান্ত গ্রহণে সুবিধার্থে উপপরিচালক পর্যায়ের কর্মকর্তার নীচে নয়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

৫৭/০৮/২০২২
কাজী আলী রেজা

সহকারী সচিব (অডিট)

☎: ০২-৪১০৫২২৩৬

Email: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর একান্ত সচিব, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. সিনিয়র সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (**২০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
০৬. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮. অফিস কপি।